



ASSET  
Project

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

## কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খানসামা

খানসামা, দিনাজপুর।

Email: [ttckhansama@gmail.com](mailto:ttckhansama@gmail.com)

Web : <https://ttckhansama.dinajpur.gov.bd>

“প্রবাসীর কল্যাণ, মর্যাদা আমাদের অঙ্গীকার  
স্মার্ট বাংলাদেশ গড়ায় তারাও সমান অংশীদার”

একটাই লক্ষ্য  
হতে হবে দক্ষ

স্মারক নং- ৪৯.০১.২৭৬০.০০৩.১৮.০০১.২৪.৪৫৭

তারিখঃ ৩১ ডিসেম্বর, ২০২৪ খ্রি।

## ASSET প্রকল্পের আওতায় সম্পূর্ণ ফ্রি প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), খানসামাতে নিম্নে বর্ণিত কোর্স সমূহ সরকারি খরচে শুধুমাত্র বেকার যুব পুরুষ ও মহিলা, অনগ্রসর, হতদরিদ্র, সুবিধা বঞ্চিত, উপজাতি এবং প্রতিবন্ধীদের কর্মসংস্থানের লক্ষ্যে Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) প্রকল্পের আওতায় ০৩ মাস/৩৬০ ঘন্টা মেয়াদী (ফেব্রুয়ারি-এপ্রিল ২০২৫ খ্রি.) সেশনে ভর্তি ইচ্ছুক প্রশিক্ষণার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	কোর্সের নাম	কোর্সের মেয়াদ	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	বয়স সীমা	আসন সংখ্যা	NTVQF/BNQF লেভেল
০১.	কম্পিউটার অপারেশন	৩৬০ ঘন্টা/ ০৩ মাস (ফেব্রুয়ারি-এপ্রিল ২০২৫ খ্রি.)	ন্যূনতম এসএসসি/সমমান	১৮ হতে ৪৫ বৎসর (০১/০২/ ২০২৫ খ্রি. তারিখে)	২৫	NSC Level-3
০২.	ওয়েব ডিজাইন		ন্যূনতম এসএসসি/সমমান এবং কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন জানা আবশ্যিক।		২৫	NSC Level-3
০৩.	সুইং মেশিন অপারেশন		ন্যূনতম ৮ম শ্রেণী/ জেএসসি/সমমান		২৫	NSC Level-2
০৪.	টেইলারিং এন্ড ড্রেস মেকিং		ন্যূনতম ৮ম শ্রেণী/ জেএসসি/সমমান		২৫	NSC Level-2
০৫.	মোটর ড্রাইভিং		ন্যূনতম ৮ম শ্রেণী/ জেএসসি/সমমান		২৫	NSC Level-3

### ফরম সংগ্রহ ও জমাদানের তথ্যাদি

ভর্তি ফরম সংগ্রহ ও জমা	০১/০১/২০২৫ খ্রি. হতে ২৩/০১/২০২৫ খ্রি.	আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্রাদি জমা দিতে হবে
ভর্তির জন্য প্রার্থী বাছাই-এর তারিখ	২৭/০১/২০২৫ খ্রি.	১) প্রার্থীর সদ্য তোলা রঙ্গিন ছবি - ০২ কপি।
ফলাফল প্রকাশ	২৭/০১/২০২৫ খ্রি.	২) NID/Digital Birth Certificate এর ফটোকপি।
ভর্তি শুরু এবং শেষ তারিখ	২৮/০১/২০২৫ খ্রি. হতে ২৯/০১/২০২৫ খ্রি.	৩) পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের কপি (ওয়ার্ড নম্বর/ইউনিয়নের নাম অবশ্যই উল্লেখ থাকতে হবে)।
অপেক্ষমান হতে ভর্তি	৩০/০১/২০২৫ খ্রি.	৪) শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের ফটোকপি।
প্রশিক্ষণ ক্লাশ শুরু	০২/০২/২০২৫ খ্রি.	৫) আবেদনপত্রে অবশ্যই মোবাইল নম্বর লিখতে হবে।
		৬) বৈদেশিক চাকুরী প্রার্থীদের পাসপোর্টের ফটোকপি।

### সুযোগ সুবিধা ও শর্তসমূহ

- নিয়মিত উপস্থিতির ভিত্তিতে প্রতিমাসে ১,৫০০/- টাকা (পুরুষ) এবং ২,০০০/- টাকা (নারী, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে (বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)।
- নিয়মিত উপস্থিতির ভিত্তিতে দৈনিক ১০০/- টাকা হারে মাসিক যাতায়াত ভাতা প্রদান করা হবে (বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)।
- প্রশিক্ষণার্থীদের উপস্থিতি ফেসিয়াল রিকর্ডগনিশন ক্যামেরা এবং বায়োমেট্রিক হাজিরার মাধ্যমে নিশ্চিত করা হবে।
- ক্লাশে শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং প্রত্যহ ৬ ঘন্টা ক্লাশ করতে হবে।
- হতদরিদ্র, মুক্তিযোদ্ধার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বেকার যুবক-যুবতীদের ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে। (আবেদনের সাথে প্রমাণক দাখিল করতে হবে)
- NSDA/BTEB/BMET এর আওতায় NTVQF/BNQF Level Assessment এ আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে।
- যে কোন প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের আবেদন করার প্রয়োজন নেই।
- ভর্তির জন্য আবেদন ফরম টিটিসির ওয়েব সাইট <https://ttckhansama.dinajpur.gov.bd> হতে ডাউনলোড করে legal সাইজ কাগজে প্রিন্ট করে ব্যবহার করা যাবে।

ভর্তি তথ্যের জন্য যোগাযোগ :

০১৭১৬-৪৮৩৭৮৫, ০১৭৬১-২০৯৪৭৭

৩১/১২/২০২৪

(নিমাই কুমার দত্ত)

অধ্যক্ষ

কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খানসামা, দিনাজপুর।

